গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ আয়োজন সংক্রান্ত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এন. এম. জিয়াউল আলম<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| তারিখ | : | ২০ জানুয়ারি ২০১৯, রবিবার |
| সময় | : | বেলা ৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

১.০। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বিধি) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন মর্মে সভাপতি উল্লেখ করেন। সভায় চলমান জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা এবং ২৬ মার্চ সারাদেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজনে কেন্দ্রীয়, বিভাগীয়, জেলা, উপজেলা, ইউনিয়ন এবং সিটি করপোরেশন পর্যায়ে সম্ভাব্য মোট প্রাক্কলিত ব্যয় সংবলিত খসড়া বাজেট উপস্থাপন করা হয়। খসড়া বাজেটের পরিপ্রেক্ষিতে সভায় উপস্থিত কর্মকর্তাগণ তাঁদের মতামত ও পরামর্শ ব্যক্ত করেন।

২.০। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ হয়:

২.০১। মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১৮-০৯-২০১৮ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ করে মন্ত্রিপরিষদ বিভাগকে নিয়মিত অবহিত করবে।

২.০২। পরিপত্রে উল্লিখিত সময়সূচি অনুযায়ী জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা মাঠ পর্যায়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে কিনা এবং মাঠ পর্যায়ে কোনো সমস্যা আছে কিনা সে বিষয়ে অবহিত হওয়ার জন্য বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণের সঙ্গে শীঘ্রই ভিডিও কনফারেন্স আয়োজন করা হবে।

২.০৩। পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন এবং বাংলাদেশ কমিউনিটি কর্তৃক পরিচালিত স্কুলসমূহে জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজনের বিষয়টি তদারকি করবে এবং এ বিষয়ে অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

২.০৪। বেসরকারি বিদ্যালয়, কিন্ডার গার্টেন, ইংলিশ ভার্সন, ইংলিশ মিডিয়াম স্কুল, ইবতেদায়ী ও কওমি মাদ্রাসা (পর্যায়ক্রমে) এবং এনজিও পরিচালিত স্কুলসমূহে শুদ্ধভাবে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ যথা: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.০৫। পৌরসভা পর্যায়েও ইউনিয়ন পর্যায়ের মতো ২৯ জানুয়ারি ২০১৯-০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে আন্ত:স্কুল, কলেজ, মাদ্রাসা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। পৌরসভার বিজয়ী দল উপজেলা পর্যায়ে, ইউনিয়ন পর্যায়ের বিজয়ী দলের সাথে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

২.০৬। ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনসমূহে অন্তর্ভুক্ত থানা মাধ্যমিক ও থানা প্রাথমিক শিক্ষা অফিসের আওতাধীন স্কুল, কলেজ ও মাদ্রাসাসমূহে প্রথমে ০৭-১৩ ফেব্রুয়ারির মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং পরবর্তীতে ১৭-১৫ ফেব্রুয়ারির মধ্যে সিটি করপোরেশন পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

২.০৭। বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতার বিষয়ে বিশেষ অনুষ্ঠান প্রচার করবে। এছাড়াও বাংলাদেশ টেলিভিশন জাতীয় সংগীত প্রতিযোগিতার ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ের অনুষ্ঠানসূচি টিভি স্ক্রলে প্রদর্শন করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার ছাড়াও অন্যান্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া যাতে এ প্রতিযোগিতা অনুষ্ঠানের বিষয়টি গুরুত্ব সহকারে প্রচার করে এবং জাতীয় সংগীত প্রতিযোগিতার অনুষ্ঠানসূচি প্রদর্শন করে, তার জন্য তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.০৮। A2i প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যেন জাতীয় তথ্য বাতায়নের সকল পোর্টালে (মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল বাতায়নে) বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক সরবরাহকৃত জাতীয় সংগীতের অডিও, মিউজিক ট্র্যাক ও পাঠ যা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের হোমপেজে রয়েছে সংযুক্ত করার ব্যবস্থা করে সে বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২.০৯। সভায় সর্বসম্মতভাবে জাতীয় সংগীত প্রতিযোগিতা ২০১৯ এবং ২৬ মার্চ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজনের ব্যয় নির্বাহের জন্য ইউনিয়ন, পৌরসভা, উপজেলা, জেলা, সিটি কর্পোরেশন এবং বিভাগীয় পর্যায়ে মোট ৪,৩৯,৪৫,০০০.০০ (চার কোটি উনচল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা, জাতীয় পর্যায়ের জন্য ৭০,৫৬,৪০০.০০ টাকা (সত্তর লক্ষ ছাপ্পান্ন হাজার হাজার চারশত) টাকা এবং ২৬ মার্চ ২০১৯ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন অনুষ্ঠান আয়োজন বাবদ ২৪,৬৩,৩০০ (চব্বিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত) টাকা অর্থাৎ মোট ৫,৩৯,৬৪,৭০০.০০ (পাঁচ কোটি উনচল্লিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশত) টাকার প্রাক্কলিত বাজেট চূড়ান্ত করা হয় **(সংযোজনী-ক)** এবং উক্ত অর্থ বরাদ্দের জন্য জরুরি ভিত্তিতে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১/২০১৯

(এন. এম. জিয়াউল আলম)
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
**ফোন: ৯৫১৩৪৩৩**
**ই-মেইল:** secy_cnr@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০৩.১৮.১০

১৬ মাঘ ১৪২৫
তারিখ:---------------------
২৯ জানুয়ারি ২০১৯

বিতরণ *(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*:

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সচিব, তথ্য মন্ত্রণালয়।
৭. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।
৮. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১২. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
১৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৫. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৬. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন/কমিটি ও অর্থনৈতিক), মন্ত্রিপরিষদ বিভাগ।
১৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।
১৯. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
২০. যুগ্মসচিব, বিধি ও সেবা, মন্ত্রিপরিষদ বিভাগ।
২১. জেলা প্রশাসক, ঢাকা।
২২. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব, সমন্বয় ও সংস্কার-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২৮.০১.২০১৯

(মোঃ সাইদুর রহমান)
উপসচিব
**ফোন:** ৯৫৭৫৪৪৬
**ই-মেইল:** sayeed6632@gmail.com

সংযোজনী-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ এবং ২৬ মার্চ সারাদেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজনের সম্ভাব্য বাজেট।**

| ক্রম: | কর্মসূচি | সম্ভাব্য বাজেট |
|---|---|---|
| ১। | বিভাগীয় পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ০৮টি বিভাগে প্রতিটি বিভাগীয় কমিশনারের কার্যালয়ের অনুকূলে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে ৫০,০০০.০০×৮ = ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা। | টাকা ৪,০০,০০০.০০ (চার লক্ষ) |
| ২। | সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য নারায়নগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশালসহ মোট ১০টি সিটি কর্পোরেশনের প্রতিটি ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে সংশ্লিষ্ট ১০টি জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের জন্য ৫০,০০০.০০×১০ = ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা এবং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবর ৫০,০০০.০০×২ = ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা সর্বমোট (৫,০০,০০০.০০ + ১,০০,০০০.০০) = ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) টাকা। | টাকা ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) |
| ৩। | জেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৬৪টি জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের জন্য প্রতিটি জেলায় ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে ৫০,০০০.০০×৬৪ = ৩২,০০,০০০.০০ (বত্রিশ লক্ষ) টাকা। | টাকা ৩২,০০,০০০.০০ (বত্রিশ লক্ষ) |
| ৪। | উপজেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৪৯২টি উপজেলায় প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অনুকূলে ৩০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে ৩০,০০০.০০×৪৯২ = ১,৪৭,৬০,০০০.০০ (এক কোটি সাতচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা। | টাকা ১,৪৭,৬০,০০০.০০ (এক কোটি সাতচল্লিশ লক্ষ ষাট হাজার) |
| ৫। | ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ১৬ টি মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা থানায় জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজনের জন্য (১৬×৩০,০০০.০০)=৪,৮০,০০০.০০ (চার লক্ষ আশি হাজার) টাকা জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকার অনুকূলে বরাদ্দ। | টাকা ৪,৮০,০০০.০০ (চার লক্ষ আশি হাজার) |
| ৬। | ইউনিয়ন পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৪,৫৭৩ টি ইউনিয়নে প্রতিটি ৫,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসাবে (৪,৫৭৩×৫,০০০.০০) সর্বমোট ২,২৮,৬৫,০০০.০০ (দুই কোটি আটাশ লক্ষ পয়ঁষট্টি হাজার) টাকা ০৮ টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ের অনুকূলে বরাদ্দ। [ঢাকা বিভাগ (৮৮৬×৫০০০.০০) ৪৪,৩০,০০০.০০, রংপুর বিভাগ (৫৩৫×৫,০০০.০০) ২৬,৭৫,০০০.০০ টাকা, খুলনা বিভাগ (৫৮১×৫০০০.০০) ২৯,০৫,০০০.০০ টাকা, সিলেট বিভাগ (৩৩৮×৫০০০.০০) ১৬,৯০,০০০.০০ টাকা, ময়মনসিংহ বিভাগ (৩৫৩×৫০০০.০০) ১৭,৬৫,০০০.০০ টাকা, বরিশাল বিভাগ (৩৫৬×৫০০০.০০) ১৭,৮০,০০০.০০ টাকা, রাজশাহী বিভাগ (৩৬৫×৫০০০.০০) ২৮,২৫,০০০.০০ টাকা, চট্টগ্রাম বিভাগ (৯৫৯×৫০০০.০০) ৪৭,৯৫,০০০.০০ টাকা]। | টাকা ২,২৮,৬৫,০০০.০০ (দুই কোটি আটাশ লক্ষ পয়ঁষট্টি হাজার) |
| ৭। | পৌরসভা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৩২৮ টি পৌরসভায় প্রতিটি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা হিসাবে (৫,০০০.০০×৩২৮) ১৬,৪০,০০০.০০ টাকা ০৮ টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ের অনুকূলে বরাদ্দ। [ঢাকা বিভাগ (৬৩×৫০০০.০০) ৩,১৫,০০০.০০ টাকা, রংপুর বিভাগ (৩১×৫০০০.০০) ১,৫৫,০০০.০০ টাকা, খুলনা বিভাগ (৩৬×৫০০০.০০) ১,৮০,০০০.০০ টাকা, সিলেট বিভাগ (১৯×৫০০০.০০) ৯৫,০০০.০০ টাকা, ময়মনসিংহ বিভাগ (২৭×৫০০০.০০) ১,৩৫,০০০.০০ টাকা, বরিশাল বিভাগ | টাকা ১৬,৪০,০০০.০০ (ষোল লক্ষ চল্লিশ হাজার) |

| | | |
|---|---|---|
| | (২৬×৫০০০.০০) ১,৩০,০০০.০০ টাকা, রাজশাহী বিভাগ৬২×৫০০০.০০) ৩,১০,০০০.০০ টাকা, চট্টগ্রাম বিভাগ (৬৪×৫০০০.০০) ৩,২০,০০০.০০]। | |
| ৮। | জাতীয় পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য ৭০,৫৬,৪০০.০০ টাকা (সত্তর লক্ষ ছাপ্পান্ন হাজার হাজার চারশত) | টাকা ৭০,৫৬,৪০০.০০ টাকা (সত্তর লক্ষ ছাপ্পান্ন হাজার হাজার চারশত) |
| ৯। | ২৬ মার্চ ২০১৮ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজনের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবর ২৪,৬৩,৩০০.০০ (চব্বিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত) টাকা। | টাকা ২৪,৬৩,৩০০.০০ (চব্বিশ লক্ষ তেষট্টি হাজার তিনশত) |
| ১০। | উপদেষ্টা কমিটি, কেন্দ্রীয় সমন্বয় কমিটি এবং জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা আয়োজন কমিটির সভার আয়োজন, সম্মানি, আপ্যায়ন, স্টেশনারি ও বিভিন্ন দাপ্তরিক ক্রয় বাবাদ মন্ত্রিপরিষদ বিভাগের জন্য ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা। | টাকা ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) |
| | **সর্বমোট=** | **টাকা ৫,৩৯,৬৪,৭০০.০০** |
| | **কথায়: পাঁচ কোটি উনচল্লিশ লক্ষ চৌষট্টি হাজার সাতশত টাকা।** | |

২৮.১.২০১৮

পরিশিষ্ট-ক

শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ এবং ২৬ মার্চ সারাদেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজন উপলক্ষ্যে ২০-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্রম | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মোবাইল | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | লিয়াকত আলী লাকী, মহাপরিচালক, বাশিএ | ০১৭১১৬০৭৬৯৮ | l.ali.lucky@gmail.com | [signature] |
| ৩. | সুরথ কুমার সরকার, উপমহাপরিচালক (অতি: সচিব) | ০১৭১১-৫৫০০৫২ | surathsarker@gmail.com | [signature] ২০/১/১৯ |
| ৪. | মো: নুরুন্নবী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), ঢাকা | 01716042740 | mnnadmnuo@gmail.com | [signature] 20/1/2019 |
| ৫. | সাজেদ আকবর - সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু-জাতীয় সঙ্গীত শিল্পী সংস্থা | 01732802928 | sajed_kbr@yahoo.com | [signature] 20/1/19 |
| ৬. | উম্মে সালমা জাফরিন, অতিরিক্ত সচিব | ০১৫৫৫-০৪০৫৮ | | [signature] 20.1.19 |
| ৭. | মিস মোসাম্মৎ মিল্লাত-মোস্তফা, যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ | 01713180026 | | [signature] 20012019 |
| ৮. | ড. মোহাম্মদ মুসলিম, উপসচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | 01731529999 | muslimchem@yahoo.com | [signature] 20/01/19 |
| ৯. | ইসরাত জাহান, উপসচিব, আইসিটিডি | 01673299785 | israt@ictd.gov.bd | [signature] 20/01/19 |
| ১০. | মোবাশ্বেরা কাদেরী - পরিচালক, সংস্কৃতি মন্ত্রণালয় | 01711456490 | mobassera_kadery@yahoo.com | [signature] 20.01.19 |
| ১১. | শামীমা আরেফিন, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি | 01783176934 | shamimalosa@gmail.com | [signature] 20.01.19 |

| ক্রম | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মোবাইল | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২. | খায়রুল আনাম শাকিল<br>প্রতিষ্ঠাতা শিল্পী,<br>সহ সভাপতি, ছায়ানট | 01819215204 | Khairulanamshakil@Yahoo.com | |
| ১৩. | মো. মনির হোসেন<br>উপপরিচালক<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি<br>MOWCA | 01744999982 | manihon28@gmail.com | ২০/০১/১৯ |
| ১৪. | আনোয়ারুল হক<br>উপসচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | 01914729263 | hoqueanwarul66@yahoo.com | 20.1.19 |
| ১৫. | আবু [illegible] মোহাম্মদ<br>ডেপুটি কমিশনার<br>জেলা প্রশাসক<br>ঢাকা | [illegible] | dcdhaka@mopa.gov.bd | ২০/০১/১৯ |
| ১৬. | মো: জাহাঙ্গীর আলম<br>যুগ্ম সচিব রাজনৈতিক<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | 01711803441 | bmajahangir5909@gmail.com | ২০/০১/১৯ |
| ১৭. | মো: ইকবাল হুসাইন<br>উপসচিব,<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, | 01711780226 | iqbal.hussain30@gmail.com | ২০.০১.১৯ |
| ১৮. | শেখ এ তাফুল আলম<br>যুগ্মসচিব<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। | 01819824384 | ataful1960@gmail.com | 20.01.19 |
| ১৯. | মো: মিজানুল হক চৌধুরী<br>যুগ্ম সচিব (বাজেট ও [illegible]) | 01861626248 | demizan5815@gmail.com | 20.1.19 |
| ২০. | মো: নজরুল ইসলাম<br>যুগ্ম সচিব<br>(স্ব) মন্ত্রণালয়। | 01712502907 | nazrul15847@gmail.com | 20.1.19 |
| ২১. | মো: এনামুল হক<br>যুগ্ম সচিব<br>কারিগরি ও মাদ্রাসা বিভাগ | 01711169722 | enam5844@gmail.com | |
| ২২. | শফিউল আজিম।<br>যুগ্ম সচিব।<br>মন্ত্রিপরিষদ বিভাগ | 01716491376 | shafiulazim71@gmail.com | 20.01.19 |
| ২৩. | মোসাম্মৎ নাসিমা বেগম<br>অতিরিক্ত সচিব ([illegible])<br>মন্ত্রিপরিষদ বিভাগ | [illegible] | nasima_begum1965@yahoo.com | 20.01.19 |

| ক্রম | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মোবাইল | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৪. | ফারুক আহমেদ<br>অতিরিক্ত সচিব<br>(বে ও সং) মন্ত্রিপরিষদ বিভাগ | | | [signature] ২০/১/২২ |
| ২৫. | মোঃ শওকত আলী<br>যুগ্ম সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | 01716813947 | Shaukat345@gmail.com | SAli 20.01.19 |
| ২৬. | মো: সাইদুর রহমান<br>উপসচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | 01715242763 | sayeed6632@gmail.com | [signature] 20.1.2022 |
| ২৭. | | | | |
| ২৮. | | | | |
| ২৯. | | | | |
| ৩০. | | | | |
| ৩১. | | | | |
| ৩২. | | | | |
| ৩৩. | | | | |
| ৩৪. | | | | |
| ৩৫. | | | | |